দৈনিক বাংলা

তারিখ 01 MAR 1981
পৃষ্ঠা ৭

# কম্পিউটার কোর্স স্কুল কলেজে চালু করার চিন্তাভাবনা

।। সুনীল ব্যানার্জি ।।

সরকার দেশের সকল সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কম্পিউটার ব্যবস্থা চালু করছে। এই উদ্দেশ্যে এরইমধ্যে জাতীয় কম্পিউটার বোর্ড গঠন করা হয়েছে। বোর্ড অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন প্রতিষ্ঠানে কম্পিউটার ব্যবস্থা চালুর উদ্যোগ নিচ্ছে।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, জাতীয় কম্পিউটার বোর্ড ব্যাপক ভিত্তিতে একাজ করার জন্য এরইমধ্যে ঢাকার মোহাম্মদপুরে একটি অফিস ভাড়া নিয়েছে। অভিজ্ঞ ও প্রশিক্ষণপ্রাপ্ত ৩৭ জন স্টাফ নিয়ে বোর্ড এখানে অচিরেই কাজ শুরু করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় অবিলম্বে এই স্টাফ নেয়ার জন্য পাবলিক সার্ভিস কমিশনকে জানিয়েছে। বোর্ড বর্তমানে চারজন স্টাফ নিয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের অধীনে কাজ করছে।

জানা গেছে যে জাতীয় কম্পিউটার বোর্ড প্রয়োজনীয় কম্পিউটার মেশিন আমদানী এবং

(৫-এর পৃঃ দ্রঃ)

## কম্পিউটার কোর্স

(১ম পৃঃ পর)

সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ দেবে। এছাড়া, কম্পিউটারের প্রয়োজনীয়তা এবং এর ব্যবহার সম্পর্কে সম্যক জ্ঞান দেয়ার ব্যবস্থা করবে। এ উদ্দেশ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে মোটামুটি একটি গাইড লাইন দেয়া হবে। এছাড়া, স্কুল-কলেজে কম্পিউটার সম্পর্কে সিলেবাস অন্তর্ভুক্ত করার চিন্তা-ভাবনা চলছে। তবে এই সিলেবাস কোন শ্রেণী থেকে অন্তর্ভুক্ত করা হবে সে ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।

নির্ভুল ও দ্রুত কাজের জন্য কম্পিউটারের গুরুত্ব অনুভব করে সরকার এরইমধ্যে বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রায় এক হাজার কম্পিউটার মেশিন আমদানীর অনুমতি দিয়েছেন। এরমধ্যে একমাত্র গত মাসেই প্রায় ৬০টি কম্পিউটার মেশিন আমদানীর অনুমতি দেয়া হয়। বর্তমানে কয়েকটি মন্ত্রণালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, আদমজী মিল, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ ব্যাংকসহ বহু বড় বড় প্রতিষ্ঠানে কম্পিউটার ব্যবহার করা হচ্ছে।